

জাতীয় ডায়াবেটিস সেবা স্কিম (National Diabetes Service Scheme) NDSS -এ স্বাগতম।

এখন আপনি আমাদের সাথে নিবন্ধভুক্ত হয়েছেন, আপনি আপনার গর্ভকালীন ডায়াবেটিস পরিচালনা করতে সহায়তার জন্য ডায়াবেটিস শিক্ষা কার্যক্রম, ভর্তুকিযুক্ত মূল্যে সম্পদ ও পণ্যাদির বিভিন্ন এনডিএসএস পরিষেবাগুলি গ্রহণ করতে পারেন।

আপনার NDSS রেজিস্ট্রেশন কার্ডটি পাঠানো হয়েছে এবং এটি 12 মাসের জন্য বৈধ থাকবে।

- NDSS -এর মাধ্যমে ডায়াবেটিসের পণ্যসমূহ ভর্তুকি পেতে একটি NDSS অ্যাক্সেস পয়েন্টে (Access Point), যা সাধারণত আপনার স্থানীয় এলাকার ওষুধের দোকান, সেখানে এই কার্ডটি আপনার সাথে নিন।
- আপনার এলাকায় একটি কমিউনিটি ফার্মেসি খুঁজে পেতে পরিদর্শন করুন [healthdirect.gov.au/search-results/pharmacy](http://healthdirect.gov.au/search-results/pharmacy) অথবা আমাদের NDSS হেল্পলাইন (Helpline)-এ **1800 637 700** নম্বরে কল করুন। আপনার যদি দোভাষীর প্রয়োজন হয় তবে ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (Translating and Interpreting Service) (TIS)-এ **131 450** নম্বরে ফোন করুন, আপনার ভাষা উল্লেখ করুন। একজন দোভাষীর সাথে সংযুক্ত হওয়ার জন্য অপেক্ষা করুন, তারপর **1800 637 700** নম্বরটি দিতে বলুন।
- আপনার কার্ডটির পেছন দিকে অনুগ্রহ করে স্বাক্ষর করুন। আপনি যদি 15 বছর বয়সের কম হন বা এমন একজন প্রাপ্ত বয়স্ক হন যার ক্রমাগত পরিচর্যার প্রয়োজন হয়, তবে আপনার অভিভাবক/পিতা-মাতা অথবা কেয়ারার/ যত্নকারীকে স্বাক্ষর করতে হবে।
- যতবার আপনি NDSS-এর মাধ্যমে জিনিসপত্র অর্ডার করবেন বা পরিষেবা নেবেন ততবারই আপনার কার্ডের প্রয়োজন হবে।

এই চিঠিটির সাথে আপনি Gestational Diabetes: Caring for yourself and your baby (গর্ভকালীন ডায়াবেটিস: আপনার ও আপনার শিশুর যত্ন) নামক একটি পুস্তিকা পেয়েছেন যা আপনার গর্ভকালীন ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখার ব্যাপারে তথ্য প্রদান করে।

আপনাকে জাতীয় গর্ভকালীন ডায়াবেটিস রেজিস্ট্রার (National Gestational Diabetes Register)-এর সাথেও নিবন্ধন করা হয়েছে। অনুগ্রহ করে আরো তথ্যের জন্য এই চিঠিটির সাথে যুক্ত ফ্লায়ারটি দেখুন।

আপনার যদি কোন প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে NDSS হেল্পলাইনে **1800 637 700** নম্বরে কল করুন বা আমাদের ওয়েবসাইটে যান [ndss.com.au](http://ndss.com.au)।

আপনার বিশ্বস্ত,

Jan Ridd

জেনারেল ম্যানেজার, NDSS

Diabetes Australia

# NATIONAL GESTATIONAL DIABETES REGISTER

## জাতীয় গর্ভকালীন ডায়াবেটিস রেজিস্টার

### জাতীয় গর্ভকালীন ডায়াবেটিস রেজিস্টারে স্বাগতম

জাতীয় গর্ভকালীন ডায়াবেটিস রেজিস্টার জাতীয় ডায়াবেটিস পরিষেবা স্কিম (NDSS) এর একটি অংশ। এই নিবন্ধনের লক্ষ্য গর্ভাবস্থায় এবং প্রসব পরবর্তী সময়ে গর্ভকালীন ডায়াবেটিসে আক্রান্ত মহিলাদের স্বাস্থ্য ব্যবস্থাপনা করতে সহায়তা করা।

আপনি যখন NDSS এর সাথে নিবন্ধিত ছিলেন, তখন আপনাকে জাতীয় গর্ভকালীন ডায়াবেটিস রেজিস্টারেও অন্তর্ভুক্ত করা হয়েছিল। এই রেজিস্টার রিমাইন্ডার পাঠিয়ে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য এবং ভবিষ্যতে আপনার স্বাস্থ্যের যত্ন নিতে সহায়তা করতে পারে।

NDSS হেল্পলাইন 1800 637 700  
ndss.com.au



# ndss

National Diabetes Services Scheme

An Australian Government Initiative

Bengali | বাংলা

 diabetes  
australia

The NDSS is administered by Diabetes Australia

# এই রেজিস্টার সম্পর্কে

এই রেজিস্টারটি প্রদান করে:

- গর্ভাবস্থায় এবং প্রসব পরবর্তী সময়ে স্বাস্থ্যকর জীবনযাত্রার জন্য সহায়তা প্রদান।
- গর্ভাবস্থায় গর্ভকালীন ডায়াবেটিস নিয়ে প্রসব পরবর্তী সময়ে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা সম্পর্কে রিমাইন্ডার - এই রিমাইন্ডারগুলি আপনাকে এবং আপনার জেনারেল প্র্যাকটিশনার (জিপি) উভয়কেই প্রেরণ করা হয়।
- আপনার দীর্ঘ সময়ের স্বাস্থ্যকে সহায়তা করার জন্য আরও তথ্য এবং পরিষেবাগুলির সাথে সংযুক্ত করা হচ্ছে।

# আপনার বিবরণ আপডেট করা হচ্ছে

- আমরা আপনাকে গর্ভাবস্থার পরেও নিয়মিত তথ্য পাঠাতে থাকব।
- এটি করার জন্য, আমাদের আপনার বর্তমান ডাক যোগাযোগের ঠিকানা, ইমেল, মোবাইল নম্বর এবং আপনার জিপির যোগাযোগের বিবরণ প্রয়োজন।
- আপনি [ndss.com.au/gdm-update](https://ndss.com.au/gdm-update) বা **1800 637 700** নম্বরে NDSS হেল্পলাইনে কল করে আপনার বিবরণ আপডেট করতে পারেন বা নিজেকে প্রত্যাহার করে নিতে পারেন।

আপনি আমাদের ওয়েবসাইটে অন্যান্য ভাষায় এই তথ্য খুঁজে পেতে পারেন।



[ndss.com.au/  
gestational-welcome](https://ndss.com.au/gestational-welcome)

